

বিবোধাভাষ

মোহন সিংহ

মিশরের মরুভূমিতে উটের পিঠে যখন আমি

তুমি বললে : নৌ বিদ্যা শেখো ।

একটা উঁচু পাহাড়ে যখন উঠছি

তুমি বললে : গাঙ্গেয় সমতটে দুর্বা ঘাস লাগাও ।

আটলান্টিকে জাহাজে যখন ক্যালে বন্দর থেকে ডোভারে যাচ্ছি

সেখানে গ্রীন পার্ক অপেক্ষা করে আছে

তুমি বললে : ভিয়েতনামে যাও

ওখানে দেখবে কোনো প্রান্তরে

একটাও ঘাস জন্মায় না ।

আল্লসের টিটলি চূড়ায় যখন বরফের উপর

এক ফরাসিনীর হাত ধরে দৌড়াচ্ছি

তুমি বললে : কায়রোর পিরামিডের ভিতরে

রাণীর মমিটা ছুঁয়ে এসো ।

প্যারিসের লু'ভর মিউজিয়ামে যখন

মোনালিসার দিকে তাকিয়ে আছি

তুমি বললে : পেট ভরে দু'বেলা খেতে পায় না

ভারতবর্ষে এমন ভিখারি আছে কতজন জানো ?

যখন নায়গ্রা ফল্‌সের লেফ্ট ব্যাঙ্কে জলস্রোতে ছুঁতুরামধনু দেখছি

আলোর বন্যা প্রপাতের জলরাশি,

তুমি বললে: এবছর ইথিওপিয়ায় বর্ষা নামবে না,

দুর্ভিক্ষে শিশুদের পাঁজরের হাড়গুলো

ছবিতে আরো স্পষ্ট হবে ।

বিমানে বান্ধবীকে যখন আলিঙ্গন করছি

তুমি বললে : দেখো, আমি এক লগ্নভ্রষ্টা সুন্দরী যুবতী

সিঁথিতে সিঁদূর কেউ দেয়নি এখনো ।